



Bangladesh Society for Training and Development (BSTD)

Address:

14A & 31A (Level-12)
Centre Point Concord
Tejkunipara, Farmgate
Dhaka-1215

Phone : +88-02-58155670

Mobile: +88-01817072603

Fax : +88-02-58155670

E-mail: bstddhaka@gmail.com

Web : www.bstdbd.org

স্মারক নং : বিএসটিডি/১-৪/১৩/প্রশিক্ষণ দিবস-২০২১/১৭

তারিখ : ৩১/০১/২০২১খ্রিঃ

বিষয় : ২৫তম জাতীয় প্রশিক্ষণ দিবস - ২০২১, বিএসটিডি'র ৪১তম প্রতিষ্ঠা বাষিকী এবং বিএসটিডি'র প্রশিক্ষণ পুরস্কার প্রদান বিষয়ক সংবাদ ওয়েব সাইটে ছবিসহ প্রকাশ প্রসঙ্গে।

জনাব,

২৩ জানুয়ারী ২০২১ তারিখ ২৫তম জাতীয় প্রশিক্ষণ দিবস ২০২১, বিএসটিডি'র ৪১তম প্রতিষ্ঠা বাষিকী এবং প্রশিক্ষণ পুরস্কার প্রদান উপলক্ষে বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) বৈশ্বিক মহামারী করোনার (কোভিড-১৯) ব্যাপকতা এবং সরকারী নির্দেশাবলীর আলোকে স্বাস্থ্য বিধি মেনে স্বশরীরে ও জুম প্ল্যাটফর্ম ব্যবহার করে “উন্নত প্রশিক্ষণ: একটি পর্যালোচনা” শীর্ষক সেমিনার ও বিএসটিডি প্রশিক্ষণ পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। কুরআন তিলাওয়াত করেন বিএসটিডি'র নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ জিল্লুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএসটিডি'র সম্মানিত সভাপতি জনাব এম জানিবুল হক। এ অনুষ্ঠানে বিএসটিডি'র বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দ স্বশরীরে এবং জুম প্ল্যাটফর্ম এ অংশগ্রহণ করেন।

জাতীয় প্রশিক্ষণ দিবস ও বিএসটিডি'র প্রতিষ্ঠা বাষিকীর অনুষ্ঠানে প্রশিক্ষণ সেক্টর ও মানব সম্পদ উন্নয়নে অভূতপূর্ব অবদানের স্বীকৃতি স্বরূপ বিএসটিডি'র আজীবন সদস্য ও সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাবেক মন্ত্রিপরিষদ সচিব ও পিএসসির সাবেক চেয়ারম্যান প্রয়াত ড. সা'দত হুসাইনকে “বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হক বিএসটিডি প্রশিক্ষণ পুরস্কার - ২০২০ (মরণোত্তর)” ও সনদ প্রদান করেন। পুরস্কার ও সনদপ্রদ গ্রহণ করেন তাঁর কনিষ্ঠ কন্যা মিসেস সিবান সাহানা (ঐশী) এবং পুত্রবু মিসেস তানজীলা আক্তার (রুমকী)।

জাতীয় প্রশিক্ষণ দিবসের অনুষ্ঠানে উন্নত প্রশিক্ষণ: একটি পর্যালোচনা বিষয়ক মূল নিবন্ধ উপস্থাপন করেন বিএসটিডি'র নির্বাহী কমিটির সদস্য ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনভিসি। পঠিত প্রবন্ধের ওপর নির্ধারিত আলোচক হিসাবে অংশগ্রহণ করেন বিএসটিডি'র কার্যনির্বাহী কমিটির সদস্য ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সাবেক পরিচালক জনাব কাজী হাসান ইমাম এবং বিএসটিডি'র কার্যনির্বাহী কমিটির সদস্য ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক প্রকল্প পরিচালক ড. আবুল হোসেন। মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন যথাক্রমে:- ড. সৈয়দ-নকীব মুসলিম, আলহাজ্ব বিলকিস বেগম, বেগম নুরুন নাহার কবীর, বেগম সালেহা বেগম, আলহাজ্ব আব্দুল রতিফ মিঞা, জনাব আবুল বাশার, জনাব ইসহাক ফারুকী, জনাব কাজী মো: মোরতুজা আলী এবং জনাব এস এম ইব্রাহিম হোসাইন প্রমুখ। অনুষ্ঠানটি সম্বলনায় ছিলেন বিএসটিডি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর।

সমাপনী বক্তব্য বিএসটিডি'র সভাপতি এম জানিবুল হক বলেন প্রতি বছরই বিএসটিডি'র পক্ষ থেকে প্রশিক্ষণ দিবস পালন করা হয়। তিনি বলেন প্রশিক্ষণ দিবসের অনুষ্ঠানটি অত্যন্ত আকর্ষণীয়, মনোরম এবং প্রাণবন্ত আলোচনা হয়েছে। তিনি বলেন সারা বিশ্ব প্রশিক্ষণকে অত্যন্ত গুরুত্ব ও মূল্যায়ন করা হয়। অন্যান্য দেশে প্রশিক্ষণ ছাড়া সাধারণত পদোন্নতি হয় না। এমনকি এ দেশেও প্রতিরক্ষা বিভাগেও। সিভিল সার্ভিসে প্রশিক্ষণ অপরিহার্য। সুতরাং প্রশিক্ষণ সেক্টরকে অত্যধিক গুরুত্ব দিতে হবে। তিনি বলেন আজকে যে সকল বিষয়ের অবতারণা ও প্রস্তাব করা হয়েছে তা গৃহিত হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগাযোগ করা হবে। তিনি বলেন ভালো অফিসার ও যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ সেক্টরে কাজ করতে উৎসাহিত করার জন্য পদায়িত কর্মকর্তাদেরকে মূল বেতনের ওপর ৩০% হারে ভাতা পরিশোধের বিধান রয়েছে। তিনি আরও বলেন আমাদের ক্ষমতা সীমিত। সব কিছু রাতারাতি করা হয়ত সম্ভব হবে না। তবে বসে থাকলেও চলবে না। আমাদেরকে যার যার অবস্থানে থেকে